

পনের কোটি মানুষের জন্য প্রতিদিন

# যায়যায়দিন

দৈনিক যায়যায়দিন, ২৫-১১-২০২১, পৃঃ-০৫



## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির শিক্ষার্থীদের জন্য বৃত্তির ব্যবস্থা

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের নিম্ন-মধ্যবিত্ত পরিবারের শিক্ষার্থীদের জন্য বৃত্তির ব্যবস্থা করেছেন জাতিসংঘের সাবেক কর্মকর্তা রেহেনা আখতার খানম। তিনি তার বাবা ও মায়ের নামে 'আব্দুল লতিফ খান- জাহানারা খানম চৌধুরী স্কলারশিপ ফান্ড' তৈরি করে তাতে ৫০ লাখ টাকা অনুদান দিয়েছেন। এই ফান্ড থেকে প্রাপ্ত অনুদান ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রচলিত বৃত্তির বাইরে নতুন করে নিম্ন-মধ্যবিত্ত পরিবারের শিক্ষার্থীদের দেওয়া হবে।

বুধবার, রেহেনা আখতার খানম তার অনুদানের চেকটি হস্তান্তর করেন। এসময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অধ্যাপক ডক্টর এম এম শহিদুল হাসান, রেজিস্ট্রার, অর্থ-বিভাগের পরিচালক এবং রেহেনা আখতার খানমের ছেলে হোসাইন ইসরাথ আদিবাহিলেন।

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের প্রধান উপদেষ্টা ও প্রতিষ্ঠাতা উপাচার্য এবং বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, অধ্যাপক ডক্টর মোহাম্মদ ফরাসউদ্দিন এমন দুর্ভাগ্য স্বপ্নের জন্য রেহেনা আখতার খানমকে ধন্যবাদ জানান। ডক্টর ফরাসউদ্দিন বলেন, সমাজের সচ্ছল ব্যক্তি ও প্রতিষ্ঠানের এমন উদ্যোগ দেশের স্বল্প আয়ের পরিবারগুলোর উচ্চ শিক্ষা গ্রহণের পথ আরও প্রসারিত করবে। বিজ্ঞপ্তি